২৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বাজেট অধিশাখা
www.powerdivision.gov.bd

বিষয়ঃ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় বিদ্যুৎ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মনোয়ার ইসলাম, এনডিসি
সচিব, বিদ্যুৎ বিভাগ।
সভার তারিখ : ০৬-০৫-২০১৫ খ্রিঃ
সময় : বেলা ১২.৩০ ঘটিকায়
সভার স্থান : বিদ্যুৎ ভবনস্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ, ঢাকা।
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশা:) সভাকে জানান যে, অর্থ বিভাগ হতে প্রাপ্ত বিদ্যুৎ বিভাগের জন্য ২০১৫-১৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের জন্য প্রক্ষেপিত থোক বরাদ্দের বিষয়ে ইতোপূর্বে অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয় এবং বিদ্যুৎ বিভাগ ও এর সংস্থাসমূহের জন্য নিম্নরুপ রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ব্যয়সীমা নির্ধারণ করা হয়ঃ

(ক) রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপনঃ (অংকসমূহ কোটি টাকায়)

কোড	মন্ত্রণালয়/বিভাগ	প্রস্তাবিত বাজেট ২০১৫-১৬	প্রক্ষেপন ২০১৬-১৭	প্রক্ষেপন ২০১৭-১৮
৫৬	বিদ্যুৎ বিভাগ	৩০৩.৯৪	৩২২.১৮	৩৪১.৫১

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা (রাজস্ব ও উন্নয়ন) (অংকসমূহ কোটি টাকায়)

	মন্ত্রণালয়/বিভাগ	২০১৫-১৬ অর্থ বছরে জন্য প্রস্তাবিত ব্যয়সীমা				মোট	প্রক্ষেপণ	
		অনুন্নয়ন	উন্নয়ন				২০১৬-১৭	২০১৭-১৮
			জিওবি	পিএ	উপমোট			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৫৬	বিদ্যুৎ বিভাগ	১৩.৪০	৬৩০০	৯১৮৫.১৭	১৫৪৮৫.১৭	১৫৪৯৮.৫৭	১৭০৪৮.৪৩	১৮৭৫৩.২৭

কোড			প্রস্তাবিত বাজেট ২০১৫-১৬	প্রক্ষেপন ২০১৬-১৭	প্রক্ষেপন ২০১৭-১৮
৫৬	বিদ্যুৎ বিভাগ		১৫৪৮৫.১৭ (প্রকল্প সাহায্য ৯১৮৫.১৭)	১১২৩৩.৮৫	১২৩৫৭.২৪

৪। অতিরিক্ত সচিব (প্রশাঃ) জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরের বাজেটে বিদ্যুৎ বিভাগের অনুকূলে অনুন্নয়ন খাতে ১৩.৪০ কোটি টাকা এবং উন্নয়ন খাতে ১৫৪৯৮.৫৭ কোটি টাকার ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে এবং অনুন্নয়ন খাতের ১৩.৪০ কোটি টাকার খাত ভিত্তিক বিভাজন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমোতিক্রমে যুগ্ম-প্রধান উন্নয়ন বাজেটের আওতায় বিদ্যুৎ বিভাগের অনুকূলে প্রদত্ত ব্যয়সীমার বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের ৬৬টি প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব সভায় উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প সংখ্যা ও উন্নয়ন বাজেট বরাদ্দ প্রস্তাব নিম্নরুপঃ

(কোটি টাকায়)

ক্রম	সংস্থা	উপখাত	প্রকল্পের সংখ্যা	২০১৫-১৬ সালের এডিপি বরাদ্দ প্রস্তাব		
				মোট	টাকা	প্রঃসাঃ
১	২	৩	৪	৫	৬	৭
১	বিপিডিবি	উৎপাদন	১৪	৪৫০২.০০	৫০৩.০০	৩৯৯৯.০০
		বিতরণ	১১	৬৬০.০০	৪৩৫.০০	২২৫.০০
	উপমোট		২৫	৫১৬২.০০	৯৩৮.০০	৪২২৪.০০

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

২	আরইবি	বিতরণ	১০	৪১৫৫.০০	২৯০০.০০	১২৫৫.০০
৩	পিজিসিবি	সঞ্চালন	৮	১৭৩৩.৮০	৮২৫.৮০	৯০৮.০০
৪	ডিপিডিসি	বিতরণ	৭	৫৯৯.০০	২২১.০০	৩৭৮.০০
৫	নওপাজেকো	উৎপাদন	৩	১৬০৪.০০	৬২৯.০০	৯৭৫.০০
৬	ইজিসিবি	উৎপাদন	১	৫২০.০০	২৭০.০০	২৫০.০০
৭	এপিএসসিএল	উৎপাদন	১	৬৬০.০০	৮০.০০	৫৮০.০০
৮	ডেসকো	বিতরণ	২	৫১৫.০০	১৮০.০০	৩৩৫.০০
৯	ওজোপডিকো	বিতরণ	৩	৯৫.০০	৯৫.০০	০.০০
১০	সিপিজিসিএল	উৎপাদন	১	২৩৪.০০	১৩০.০০	১০৪.০০
১১	বিদ্যুৎ বিভাগ	কারিগরি	৫	৩৮.০০	৭.০০	৩১.০০
অনুমোদিত প্রকল্পের মোট			৬৬	১৫৩১৫.৮০	৬২৭৫.৮০	৯০৪০.০০
অননুমোদিত প্রকল্পের বরাদ্দ				১৬৯.৩৭	২৪.২০	১৪৫.১৭
সর্বমোট : বিদ্যুৎ				১৫৪৮৫.১৭	৬৩০০.০০	৯১৮৫.১৭

৫। সভায় প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব উপস্থাপন করা হয়। সংস্থা প্রধানগণ এবং অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধিগণ আলোচনায় অংশ গ্রহণ করেন। পিজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক আলোচনায় অংশ নিয়ে বলেন "এ্যানহেন্সমেন্ট অব ক্যাপাসিটি অব গ্রীড সাবস্টেশনস এন্ড ট্রান্সমিশন লাইন ফর রুরাল ইলেকট্রিফিকেশন" প্রকল্প থেকে জিওবি খাতে ১২ কোটি টাকা কমিয়ে "ত্রিপুরা (ভারত)- কুমিল্লা (দ.উপকেন্দ্র) (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প" শীর্ষক প্রকল্পে বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ জানান। আরইবি'র চেয়ারম্যান বলেন পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদানপ্রকল্পের জন্য আরো ২০০ কোটি টাকা বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করেন। উক্ত প্রেক্ষিতে যুগ্ম-প্রধান জানান যে, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য জিওবি খাতে আরো ১০০০ কোটি টাকা প্রয়োজন। মাননীয় প্রধানমন্ত্রী গত ৯ এপ্রিল, ২০১৫ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় পরিদর্শনকালে অনুষ্ঠিত সভায় উক্ত অতিরিক্ত বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণের জন্য সদয় নির্দেশনা দিয়েছেন। অতিরিক্ত বরাদ্দ পাওয়ার পর আরইবি'র প্রকল্পসহ অন্যান্য প্রকল্পে অতিরিক্ত বরাদ্দ দেয়া সম্ভব হবে। অর্থ বিভাগের প্রতিনিধি বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ দেয়া হচ্ছে মর্মে উল্লেখ করে বলেন যে, সকল প্রকল্পের অনুকূলে বরাদ্দ ০৭-০৫-২০১৫ তারিখের মধ্যে ibas এ এন্ট্রি দিতে হবে। তিনি প্রকল্পসমূহের স্টিয়ারিং কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত রাখার পক্ষে অভিমত ব্যক্ত করেন। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি উন্নয়ন প্রকল্পসমূহের জন্য বরাদ্দ প্রস্তাবের প্রতি সমর্থন জানিয়ে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহকে তৎপর হওয়ার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভাপতি বিদ্যুৎ বিভাগের জন্য ২০১৫-১৬ অর্থ বছরে মোট ১৫৪৮৫.১৭ কোটি টাকা ব্যয়সীমা প্রদান করায় অর্থ বিভাগকে ধন্যবাদ জানান। তিনি প্রকল্প অনুমোদনে বিষয়ে সহায়তা প্রদানের জন্য পরিকল্পনা কমিশনকেও ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আগামী অর্থ বছরের বরাদ্দ অনুসারে এখন থেকেই কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

৯। সিদ্ধান্তঃ

৯.১। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ব্যয়সীমা অনুসারে বিদ্যুৎ বিভাগের ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেট প্রস্তাব (অনুন্নয়ন খাতে ১৩.৪০ কোটি টাকা এবং উন্নয়ন খাতে ১৫৪৯৮.৫৭ কোটি টাকা) অনুমোদন করা হয়।

৯.২। পিজিসিবি'র "এ্যানহেন্সমেন্ট অব ক্যাপাসিটি অব গ্রীড সাবস্টেশনস এন্ড ট্রান্সমিশন লাইন ফর রুরাল ইলেকট্রিফিকেশন" প্রকল্প থেকে জিওবি খাতে ১২ কোটি টাকা কমিয়ে "ত্রিপুরা (ভারত)- কুমিল্লা (দ.উপকেন্দ্র) (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প" শীর্ষক প্রকল্পে বরাদ্দ প্রদান করা হবে।

৯.৩। বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য জিওবি খাতে আরো ১০০০ কোটি টাকা উন্নয়ন বাজেটে বরাদ্দ দেয়ার জন্য অর্থ বিভাগ ও পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।

১০। সভায় আর কোন আলোচ্যসুচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-১১-০৫-২০১৫
(মনোয়ার ইসলাম, এনডিসি)
সচিব
বিদ্যুৎ বিভাগ।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)